গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রপ্তানি উন্নয়ন ব্যুরো
টিসিবি ভবন, ১ কাওরান বাজার
ঢাকা।
www.epb.gov.bd

স্মারক নম্বর-২৬.০২.০০০০.০০৬.৩০.১৬৯.২৬-৩৪৪

তারিখঃ ১৮ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
০২ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

# নিলাম বিজ্ঞপ্তি

টিসিবি ভবনস্থ ১৫ তলায় অবস্থিত বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশিপ এক্সিবিশন সেন্টার শীর্ষক প্রকল্পের অফিস এর ১০টি কক্ষ এবং রপ্তানি উন্নয়ন ভবন নির্মাণ প্রকল্প এর অফিসের ০৪টি কক্ষের থাই, গ্লাস, বেসিন, সিং, কেচি গেইট ইত্যাদি (তালিকা মোতাবেক) যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় নিলামে বিক্রয় করা হবে।

০২। ব্যুরোর প্রধান কার্যালয়ের প্রশাসন শাখা (টিসিবি ভবন, ৫ম তলা, ১, কাওরান বাজার, ঢাকা-১২১৫) অথবা ব্যুরোর ওয়েবসাইট (www.epb.gov.bd) হতে নিলামযোগ্য মালামালের বিবরণ ও পরিমান/সংখ্যা সম্বলিত তালিকা সংগ্রহ করা যাবে। আগামি ০৩-০৮-২০২৬ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত নিলামযোগ্য মালামাল যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় সরেজমিনে প্রত্যক্ষ করা যাবে।

০৩। আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের প্রতিনিধিকে নিম্নবর্ণিত তারিখ, সময় ও স্থানে নিলাম ডাকে অংশগ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছেঃ

| তারিখ | সময় | স্থান |
|---|---|---|
| ০৪-০৮-২০২৬ খ্রি. (মঙ্গলবার) | সকাল-১১:০০ টা | ব্যুরোর সম্মেলন কক্ষ (রপ্তানি উন্নয়ন ব্যুরো, টিসিবি ভবন, ৫ম তলা, ১ কাওরান বাজার, ঢাকা-১২১৫) |

০৪। শর্তাবলীঃ

৪.১) নিলামে অংশগ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠানকে নিলাম ডাকের পূর্বে নিলাম পরিচালনা কমিটির আহবায়কের নিকট টাঃ ১২,০০০/-(বারো হাজার) মাত্র জামানত (ফেরতযোগ্য) জমা দিতে হবে;

৪.২) গ্রহণযোগ্য সর্বোচ্চ নিলাম দর ডাককারী ব্যক্তি/প্রতিষ্ঠানকে বিক্রয়াদেশ প্রদান করা হবে। গ্রহণযোগ্য নিলাম দর/মূল্য না পাওয়া গেলে এ নিলাম প্রক্রিয়া বাতিল করা হলে কোন প্রকার ওজর-আপত্তি উত্থাপন করা যাবে না;

৪.৩) উক্ত নিলাম দর/মূল্যের উপর সরকারি বিধি মোতাবেক ভ্যাট-ট্যাক্স প্রদান করতে হবে;

৪.৪) বিক্রয়াদেশ জারির ০১ (এক) দিনের মধ্যে নিলাম দর/মূল্য **'বাংলাদেশ চায়না ফ্রেন্ডশিপ এক্সিবিশন সেন্টার'** শিরোনামে পে-অর্ডারের মাধ্যমে জমা এবং উক্ত নিলাম দর/মূল্যের উপর সরকারি বিধি মোতাবেক ভ্যাট-ট্যাক্স প্রদান করে ভ্যাট-ট্যাক্স চালান জমা প্রদান সাপেক্ষে নিজ খরচে ও ব্যবস্থাপনায় বিক্রয়াদেশের ০২ (দুই) দিনের মধ্যে নিলামের মালামাল সংশ্লিষ্ট কমিটির উপস্থিতিতে গ্রহণ করতে হবে; অন্যথায় জামানত বাজেয়াপ্ত করা হবে।

০৫। শর্তাবলীতে উল্লেখ নেই এমন বিষয়ে কোন জটিলতা সৃষ্টি হলে রপ্তানি উন্নয়ন ব্যুরো কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

০৬। কোন কারণ দর্শানো ব্যতিরেকে রপ্তানি উন্নয়ন ব্যুরো কর্তৃপক্ষ এ নিলাম প্রক্রিয়া বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৭। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নিলাম বিজ্ঞপ্তি জারি করা হলো।

০২/০৮/২৬

(মোঃ নাহিদুর রহমান)
উপপরিচালক (প্রশাসন), ইপিবি
ফোনঃ ৫৫০১৩২৭৮, ফ্যাক্স (+০২) ৯১১৯৫৩১
E-mail (Secretary): secy@epb.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের নিবন্ধকের কার্যালয়, টিসিবি ভবন, ১ কাওরান বাজার, ঢাকা। সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে/নোটিশ বোর্ডে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিনীত অনুরোধসহ।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও), বাংলাদেশ ফরেন ট্রেড ইনস্টিটিউট, টিসিবি ভবন, ১ কাওরান বাজার, ঢাকা। সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে/নোটিশ বোর্ডে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিনীত অনুরোধসহ।
৩. মহাপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ১ কাওরান বাজার, ঢাকা। সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য বিজ্ঞপ্তিটি ওয়েবসাইট/নোটিশ বোর্ডে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিনীত অনুরোধসহ।
৪. পরিচালক (প্রশাসন ও অর্থ), ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি), ১ কাওরান বাজার, ঢাকা। সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে/নোটিশ বোর্ডে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিনীত অনুরোধসহ।
৫. প্রোগ্রামার, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা। EPB-এর website: www.epb.gov.bd-এ বিজ্ঞপ্তিটি প্রকাশের অনুরোধসহ।
৬. নোটিশ বোর্ড, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

১. স্টাফ অফিসার টু ভাইস চেয়ারম্যান ও প্রধান নির্বাহী, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (ভাইস চেয়ারম্যান ও প্রধান নির্বাহী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. পিএ টু সচিব, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

CamScanner